

মাসিক এমআইএস প্রতিবেদন

ডিসেম্বর ২০২১
৩৮৪ তম সংখ্যা



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : gmplanning@bapex.com.bd web : www.bapex.com.bd

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
-	সূচীপত্র	০১
১	কোম্পানীর পরিচিতি	০২
২	GDF অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদনঃ	০৩-০৮
	২.১ Procurement and Installation of 60 MMscfd Process Plant for Shahbazpur Gas Field Project.	০৩
	২.২ Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 & Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2)	০৪
	২.৩ Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project	০৫
	২.৪ Shariatpur-1 Exploratory Well Drilling Project	০৬
	২.৫ 2D Seismic Survey Over Exploration Block 15 & 22.	০৭
	২.৬ Procurement & Installation of Welhead Compressors at Srikail Gas Field.	০৮
৩	এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	০৯-১০
৪	বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	১১-২২
	৪.১ ভূতাত্ত্বিক বিভাগ	১১-১৩
	৪.২ ভূপদার্থিক বিভাগ	১৪
	৪.৩ খনন পরিচালনা বিভাগ	১৫
	৪.৪ ওয়েল সার্ভিসেস বিভাগ	১৬
	৪.৫ পরীক্ষাগার বিভাগ	১৭
	৪.৬ উৎপাদন বিভাগ	১৮-১৯
	৪.৭ প্রকৌশল বিভাগ	২০-২১
	৪.৮ রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ	২২
৫	বিবিধ তথ্য	২৩-৩০
	৫.১ লোকবল	২৩
	৫.২ প্রশিক্ষণ	২৪
	৫.৩ কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৫-২৬
	৫.৪ রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	২৭
	৫.৫ নগদ তহবিল বিবরণী	২৭
	৫.৬ বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	২৮-২৯
	৫.৭ আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়োন ও প্রেষণ	৩০
৬	সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩১-৩৮
	৬.১ সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	৩১-৩৪
	৬.২ সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৫-৩৬
	৬.৩ বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৭-৩৮

ক্রমিক	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নামঃ	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
০২	কোম্পানীর প্রধান কার্যালয়ঃ	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৩	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধিঃ	<ul style="list-style-type: none"> * তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরিপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। * দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চালন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা। * ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।
০৪	তত্ত্বাবধায়ক সংস্থাঃ	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৫	প্রশাসনিক মন্ত্রণালয়ঃ	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৬	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিতঃ	০৩ এপ্রিল, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখঃ	০১ জুলাই, ১৯৮৯।
০৮	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখঃ	২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিতঃ	২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কুপ খনন ও গ্যাস আবিষ্কারের সফলতার হারঃ	২:১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখঃ	২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যাঃ	০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নামঃ	টিজিটিএন্ডডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল
১৪	কনভেনসেন্ট সরবরাহকৃত কোম্পানীর নাম	বিজিএফসিএল, সুপার রিফাইনারি (প্রাঃ) লিঃ
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণঃ	৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণঃ	৮১০৫ (আট হাজার একশত পাঁচ) লক্ষ টাকা যা ৮১০৫ (আট হাজার একশত পাঁচ) হাজার শেয়ারে বিভক্ত।

২। GDF অর্থায়নে পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন

২.১ Procurement and Installation of 60 MMscfd Process Plant for Shahbazpur Gas Field:

১। প্রকল্পের নামঃ	Procurement and Installation of 60 MMscfd Process Plant for Shahbazpur Gas Field Project.	
২। প্রকল্প অনুমোদন পর্যায়:	প্রকল্পটি ১৭-০৮-২০২০ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থান:	বোরহানুদ্দিন, ভোলা।	
৪। বাস্তবায়ন কাল:	জুলাই, ২০২০ হতে ডিসেম্বর, ২০২১।	
৫। প্রকল্প ব্যয়:	স্থানীয় মুদ্রা : ২,৬১৭.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৮,৩১২.০০ লক্ষ টাকা মোট : ১০,৯২৯.০০ লক্ষ টাকা	
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	Procurement and Installation of 60 MMSCFD Glycol (TEG) Dehydration Type Natural Gas Process Plant including gas gathering pipeline from Shahbazpur East # 1 to existing process plant at Shahbazpur Gas Field, Borhanuddin, Bhola.	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> ১. প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে আহ্বায়িত আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রের কারিগরি ও আর্থিক মূল্যায়ন শেষে বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৩৪ তম সভার সিদ্ধান্ত অনুসারে সর্বনিম্ন আর্থিক দরদাতা প্রতিষ্ঠান 5Blue process Equipment Inc, Canada এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ২. শাহবাজপুর ইষ্ট #১ কুপ হতে প্রসেস প্লান্ট পর্যন্ত আনুমানিক ৪ কিলোমিটার দীর্ঘ পাইপলাইন এর Right of way (RoW) এর জমি অধিগ্রহণের লক্ষ্যে ফসল, শস্য, খামার ইত্যাদির ক্ষতিপূরণের অর্থ জেলা প্রশাসক, ভোলা এর কার্যালয়ে জমা দেওয়া হয়েছে। ৩. প্রকল্প এলাকায় Environmental Impact Assesment কাজ সম্পাদনের জন্য সার্ভিস প্রদানকারী ঠিকাদারী প্রতিষ্ঠান Environment and Resource Analysis Center Limited (ENRAC) জরিপ কার্য সম্পাদন শেষে চূড়ান্ত প্রতিবেদন মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা বরাবর দাখিল করেছেন। ১০ অক্টোবর ২০২১ প্রকল্পের বিষয়ে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গিয়াছে। ৪. প্রসেস প্লান্টের বিভিন্ন সেপারেটর, ইনলেট হিটার, কুলার, ভালভ ম্যানিফোল্ড ইত্যাদি স্থাপনের লক্ষ্যে স্কিড সমূহের স্থান চূড়ান্তভাবে সুনির্দিষ্ট করা হয়েছে। ৫. নির্মিতব্য প্রসেস প্লান্টের Fire Fighting System এর জন্য Deep Tube Well, Diesel Engine Driven Water Pump, Jucky Pump স্থাপনের লক্ষ্যে স্থান নির্ধারণ পূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধিকে সরজমিনে বুঝিয়ে দেয়া হয়েছে। ৬. ঠিকাদারী প্রতিষ্ঠান আউট সোর্স প্রকিরউরমেন্ট হিসেবে বিভিন্ন ভাল্ভ, পি এর সি সিস্টেম, ইউপিএস এবং ওয়েল হেড কন্ট্রোল প্যানেলের Work order/ Purchase order প্রদান করেছে। ৭. গ্যাস গ্যাদারিং পাইপলাইন (৬ ইঞ্চি ব্যাস এবং সিডিউল-XXS) ইতোমধ্যে প্রকল্প এলাকায় পৌঁছেছে। দ্বিতীয় চলানে গ্যাস গ্যাদারিং পাইপলাইন (৪ ইঞ্চি ব্যাস এবং সিডিউল-XXS) এবং এলবো, বেড, টি সহ পাইপ ফিটিংস প্রকল্প এলাকায় পৌঁছেছে। পিএসআই শেষে শিপমেন্ট সম্পন্ন হয়েছে। ৮. স্থাপিতব্য প্রসেস প্লান্ট নির্মাণের মালামাল সংরক্ষণের লক্ষ্যে ওয়ার হাউজ নির্মাণের কাজ শেষ হয়েছে। ৯. কন্ট্রোল রুমের বর্ধিতাংশ (২X১০০০ বর্গফুট) নির্মাণের লক্ষ্যে প্রথম এবং দ্বিতীয় তলার ছাদ ঢালাই এবং ইটের গাথুনির কাজ শুরু হয়েছে। ১০. ইনলেট গ্যাস কুলারের পিএসআই শেষে শিপমেন্ট সম্পন্ন হয়েছে। আগামী ১৩ জানুয়ারি ২০২২ নাগাদ চট্টগ্রাম বন্দরে পৌঁছেবে। ১১. স্থাপিতব্য প্রসেস প্লান্টের Detail Design, Drawing, H&M Balance Data sheet, Control Philosophy, Software operation ইত্যাদি চূড়ান্তকরণের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের দেশ কানাডায় ২৩-২৯ অক্টোবর, ২০২১ পর্যন্ত Kick-off meeting অনুষ্ঠিত হয়েছে। ১২. প্রসেস প্লান্টের বিভিন্ন সেপারেটর, ইনলেট হিটার, গ্যাস কুলার, ভালভ ম্যানিফোল্ড ইত্যাদি স্থাপনের লক্ষ্যে Skid Base নির্মাণের ঢালাই এর কাজ শুরু হয়েছে। ইতোমধ্যে ১৩টি ঢালাই সম্পন্ন হয়েছে। ১৩. ইতোমধ্যে স্থাপিতব্য গ্যাস গ্যাদারিং পাইপলাইনের জন্য ওয়েল্ডিং টেষ্ট বুয়েটে সম্পন্ন হয়েছে। ১৪. চুক্তি অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আংশিক স্থানীয় বিল ও আমদানীকৃত ১ম চলানের মালামালের বিল পরিশোধ করা হয়েছে। 	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত):	- স্থানীয় মুদ্রা : ২৮৫.২৮ লক্ষ টাকা - নগদ বৈদেশিক মুদ্রা : ৪১০.৪০ লক্ষ টাকা মোট : ৬৯৫.৫৬ লক্ষ টাকা	
৯। ডিপপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার:	বাস্তব ৬.৩৬ %	আর্থিক ৬.৩৬ %

২.২ Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 & Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2):

১। প্রকল্পের নামঃ	Drilling of 2Nos Exploratory Wells (Tabgi-1 & Illisha-1) and 1No Appraisal cum Development Well (Bhola North-2):	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি অনুমোদিত কিন্তু আরএডিপি'তে এখনও অন্তর্ভুক্ত হয়নি।	
৩। প্রকল্পের অবস্থানঃ	বোরহানুদ্দিন, ভোলা।	
৪। বাস্তবায়ন কালঃ	জানুয়ারি, ২০২১ হতে জুলাই, ২০২৩।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ১৪,৫৪২.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ৫৪,৯২১.০০ লক্ষ টাকা
	মোট	: ৬৯,৪৬৩.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<p>i) To drill two exploratory wells namely “Tabgi-1 & Illisha-1” and one appraisal cum development well namely “Bhola North-2” with a view to discovering oil/gas to increase the countrys gas reserve and production;</p> <p>ii) Subject to discovery of oil and gas; additional 459.00 BCF recoverable oil/gas reserve of the country will be increased and additional 26-55 MMSCFD oil/gas will be produced from this project.</p>	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	১.	সরকারী ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির (সিসিজিপি) সভার সিদ্ধান্তের আলোকে গ্যাজপ্রম (Gazprom EP International Investments B.V) এর সাথে বাপেক্সের ভেটিংকৃত অনুস্বাক্ষরিত খসড়া Addendum 7 টি চূড়ান্ত করণ, Performance Guarantee দাখিল ও খনন কার্যক্রম গ্রহণে গত ১৩.০৬.২০২১ তারিখে নোটিফিকেশন অব এওয়ার্ড (NOA) জারী করা হয়। এপ্রেক্ষিতে বিশ্বব্যাপী করোনা মহামারী বিবেচনায় গত ৩০-০৭-২০২১ তারিখে ভার্টুয়াল প্লাটফর্মে/অনলাইনে গ্যাজপ্রম ও বাপেক্স যৌথ স্বাক্ষরে Addendum 7 টি চূড়ান্ত করণ সম্পন্ন হয়। এছাড়া গ্যাজপ্রম এর মাধ্যমে গত ২৯-০৯-২০২১ তারিখে Performance Guarantee দাখিল পরবর্তী গত ০৪.১১.২০২১ তারিখে ঋণপত্র (এলসি) স্থাপন করা হয়েছে এবং এতদসংক্রান্ত বিষয়ে রাজস্ব বোর্ড কর্তৃক ভেটিং এবং অন্যান্য কার্যক্রম গৃহিত হচ্ছে।
	২.	গত ২৮.০২.২০২১ তারিখে আলোচ্য প্রকল্পের পরিবেশ অধিদপ্তর হতে প্রকল্পের অনুকূলে ০৩টি কূপ এলাকার (টবগী-১, ইলিশা-১ ও ভোলা নর্থ-২) পরিবেশগত চূড়ান্ত ছাড়পত্র সনদ পাওয়া গিয়েছে।
	৩.	টবগী-১, ইলিশা-১ ও ভোলা নর্থ-২ কূপ এলাকার ১৬.৩৪৫ একর ভূমি ২ (দুই) বছরের (সম্ভাব্য জানুয়ারী ২০২১ - জানুয়ারী ২০২৩ মেয়াদে) হকুম দখল করণে বাপেক্স রাজস্ব খাত হতে জেলা প্রশাসক, ভোলা বরাবরে ইতোমধ্যে ইলিশা-১ এবং ভোলা নর্থ-২ কূপ এলাকার জন্য প্রাক্কলিত বিল পরিশোধ করা হয়েছে। এছাড়া টবগী-১ এলাকার জন্য (জানুয়ারী ২০২১ - জানুয়ারী ২০২৩ মেয়াদে) বিল পরিশোধ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।
	৪.	প্রকল্পের অন্তর্ভুক্ত ৩ (তিন) টি কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন ও কূপ খনন এলাকাসমূহে গমনের সংযোগ সড়ক নির্মাণ কার্যক্রম গ্রহণে ই-জিপি সিস্টেমে উন্মুক্ত পদ্ধতিতে ৬টি দরপত্র এর বিপরীতে সকল কার্যাদেশ প্রদান করা হয়েছে। তন্মধ্যে টবগী-১ কূপ এলাকার গ্রামীণ সড়ক নির্মাণ এবং কূপ এলাকার ভূমি উন্নয়ন কার্যক্রম এর বিপরীতে ০২টি কার্যাদেশ এর ৭৫% কাজ সম্পন্ন হয়েছে।
	৫.	প্রকল্পের অন্তর্ভুক্ত যানবাহন হায়ারিং করণ সম্পন্ন করা হয়েছে। এছাড়া কম্পিউটার, আসবাবপত্র, অফিস সারঞ্জাম ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। পল্লীবিদ্যুত সংযোগ কার্যক্রম গ্রহণে সংশ্লিষ্ট দপ্তর হতে কোটেশন সংগ্রহ এবং এতদসংক্রান্ত মালামাল ক্রয়ের প্রাক্কলন প্রস্তুত কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত):	- স্থানীয় মুদ্রা	: ২৫৬.৮৩ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: - লক্ষ টাকা
	মোট	: ২৫৬.৮৩ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হার:	বাস্তব	আর্থিক
	০.৩৭%	০.৩৭%

২.৩ Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project

১। প্রকল্পের নামঃ	Bijoy 10, 11, 12, IDECO Rig Maintenance, IPS Rig Upgradation & Rig Supporting Equipment Replacement Project	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৭-০৭-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	চট্টগ্রাম, শরিয়তপুর, সিলেট এবং ভোলা জেলা।	
৪। বাস্তবায়ন কালঃ	জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩	
	<u>মূল</u>	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৪,৩৩২.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১৫,৬২০.০০ লক্ষ টাকা
	মোট	: ১৯,৯৫২.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	The main objective is to	
	<ul style="list-style-type: none"> ➤ Strengthening of Exploration & Development Drilling and Workover activities of BAPEX through repairing 4 rigs and upgrading 1 rig. ➤ Ensuring continuous drilling activity by replacing Rig supporting equipment. 	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<ol style="list-style-type: none"> ১. আয়রন রাফনেক, ক্রেন, ফর্ক লিফট, ভাটিক্যাল সার্জ ট্যাংক, ওয়েল টেষ্ট ল্যাব কেবিন, ওয়াটার বাথ টেষ্ট হিটার এবং চোক ম্যানিফোল্ড ক্রয়ের লক্ষ্যে কারিগরী ও আর্থিক মূল্যায়নে উত্তীর্ণ সর্বনিম্ন দরপ্রস্তাবকারী প্রতিষ্ঠান যথাক্রমে Indam International Incorporation, USA; Tadano Limited, Japan; Mitshubishi Logisnext Asia Pacific Private Limited, Singapore; OCN Constructors Sdn Bhd, Malaysia এবং REPEDE Pressure Control SRL-এর অনুকূলে যথাক্রমে ০৪.০৮.২০২১, ১৩.০৯.২০২১, ২১.০৯.২০২১ এবং ১৪.০৯.২০২১ তারিখে PO প্রদান করা হয়েছে এবং LC স্থাপন করা হয়েছে। ২. ৪টি রিগ মেরামতের লক্ষ্যে স্পেসিফিকেশন/ডিজাইন চূড়ান্ত করা হয়েছে। গত ২৫.১১.২০২১ তারিখে বিজয়-১০ রিগের রিগ জেনারেটর ক্রয়ের দরপত্র আহবান করা হয়েছে। ৩. ২টি Canrig টপ ড্রাইভ ওভারহলিং-এর নিমিত্ত ২৮.০৮.২০২১ তারিখে আহ্বায়িত দরপত্র মূল্যায়ন শেষে NOA প্রদান করা হয়েছে। ৪. আইপিএস রিগ আপগ্রেডেশন এর লক্ষ্যে ০১.০৯.২০২১ তারিখে আহ্বায়িত দরপত্র গত ১০.১১.২০২১ তারিখে দরপত্র উন্মোচন করা হয়েছে, কারিগরী ও আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং উত্তীর্ণ দরদাতার অনুকূলে NOA প্রদান করা হয়েছে। গত ২৯.১১.২০২১ তারিখে রিগ জেনারেটর ক্রয়ের দরপত্র আহবান করা হয়েছে। 	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত):	- স্থানীয় মুদ্রা	: ৬.৮৭ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: - লক্ষ টাকা
	মোট	: ৬.৮৭ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	০.০৩%	০.০৩%

২.৪

Shariatpur-1 Exploratory Well Drilling Project

১। প্রকল্পের নামঃ	Shariatpur-1 Exploratory Well Drilling Project	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ১৭-০৬-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	নড়িয়া উপজেলা, শরিয়তপুর জেলা।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে জুন, ২০২২।	
৫। প্রকল্প ব্যয়ঃ	<p style="text-align: center;">মূল</p> স্থানীয় মুদ্রা : ৪,০৪৫.০০ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ৫,৫৪৫.০০ লক্ষ টাকা মোট : ৯,৫৯০.০০ লক্ষ টাকা	
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> ➤ Drilling, testing and completion of Shariatpur-1 exploratory well at 3200 (100) meter TVDss) depth. ➤ Subject to commercially recoverable discovery of oil/gas from this project gas reserve will be increased by additional 73.8 BCF and MMSCF gas will be produced daily. 	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. প্রকল্পের জন্য ভূমি অধিযাচন সহজীকরণের লক্ষ্যে পৃথকভাবে দাখিলকৃত দুটি প্রস্তাবের মধ্যে কূপ খনন এলাকার ৬.৪৯ একর ভূমি অধিযাচনের জন্য ডিসি অফিসের প্রাক্কলন মোতাবেক ১৯.০৯.২০২১ তারিখে ক্ষতিপূরণের অর্থ ডিসি অফিসের অনুকূলে প্রেরণ করা হয়। ভূমি উন্নয়নের কাজের জন্য সম্মতি প্রাপ্তির প্রেক্ষিতে কূপ খনন এলাকায় ভূমি উন্নয়ন এবং সংযোগ সড়ক নির্মাণের উদ্দেশ্যে Sand fill কাজ চলছে।</p> <p>২. ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ ও স্থানীয় সড়কের বাঁক প্রশস্তকরণ ও সরলীকরণ এবং কালভার্ট নির্মাণের জন্য ঠিকাদারের সঙ্গে ৪টি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ঠিকাদারদের কূপ এলাকায় সাইট হস্তান্তর করা হয়েছে। কূপ খনন এলাকায় নিরাপত্তা চৌকি, সীমানা প্রাচীর, ডেনেজ সিস্টেম, রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গোডাউন, নলকূপ স্থাপন, আবাসিক ক্যাম্প নির্মাণ ইত্যাদিসহ বিভিন্ন পূর্ত নির্মাণ কাজের ৬টি দরপত্র আহ্বান করা হয়েছে।</p> <p>৩. ৭টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে (ওয়েল কমপ্লিশন যন্ত্রপাতি, ওয়েল হেড, মাড কেমিক্যালস, ড্রিল বিট (১ লট), ব্রাইন ফিলট্রেশন ইউনিট, কেসিং এক্সপ্লোরিভ ও লাইনার হ্যাঞ্জার); ৬টি প্যাকেজ এর ক্রয়াদেশ ইস্যু করা হয়েছে এবং এলসি স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে (মাডলগিং ইউনিট, মেকানিক্যাল স্পেয়ার (১ লট), ওয়েল কন্ট্রোল যন্ত্রপাতি, সিমেন্ট ও সিমেন্ট এডিটিভস, ড্রিল স্ট্রিং কমপোনেন্ট)। ১টি প্যাকেজ এর প্রদান করা হয়েছে (বিবিধ ও খনন যন্ত্রপাতি)। ৪টি দরপত্র মূল্যায়ন পর্যায়ে রয়েছে (ইলেকট্রিক্যাল স্পেয়ার, মেকানিক্যাল স্পেয়ার (১ লট), ওয়েল সার্ভিসিং টুলস, ড্রিল বিট (১ লট))। ৩টি দরপত্র আহ্বান করা হয়েছে (ড্রিল ফ্লোর যন্ত্রপাতি, রিগ ইন্সট্রুমেন্টেশন স্পেয়ার্স, টেস্টিং ম্যাটেরিয়ালস)।</p> <p>৪. ২টি প্যাকেজ এর চুক্তি স্বাক্ষরিত হয়েছে (ওয়্যারলাইন লগিং, সিমেন্টেশন); ২টি প্যাকেজ এর NOA ইস্যু করা হয়েছে (ডিএসটি ও ব্লিক লাইন) ও চুক্তি স্বাক্ষরের জন্য প্রস্তুতি চলছে।</p> <p>৫. আলোচ্য প্রকল্পের ইআইএ স্টাডি প্রতিবেদন প্রণয়নপূর্বক পরিবেশ ছাড়পত্র গ্রহণের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করা হয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা : ১৩৭.৬৪ লক্ষ টাকা নগদ বৈদেশিক মুদ্রা : ২১২২.৮৮ লক্ষ টাকা মোট : ২২৬০.৫২ লক্ষ টাকা	
৯। ডিপ্পি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	২৩.৫৭%	২৩.৫৭%

২.৫

2D Seismic Survey Over Exploration Block 15 & 22.

১। প্রকল্পের নামঃ	2D Seismic Survey Over Exploration Block 15 & 22.									
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ২৬-০৭-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।									
৩। প্রকল্পের অবস্থানঃ	কুমিল্লা, ফেনী, নোয়াখালী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, কক্সবাজার জেলার বিভিন্ন এলাকা।									
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪।									
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৩,৩৬৯.৫০ লক্ষ টাকা								
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১১,৪৬৮.৫০ লক্ষ টাকা								
	মোট	: ১৪,৮৩৮.০০ লক্ষ টাকা								
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	<ul style="list-style-type: none"> ➤ Identify probable leads/prospects by conducting seismic survey to delineate drillable subsurface structure. ➤ Identify the probable structure/stratigraphic/fault traps. ➤ Find out new exploratory well location to enhance hydrocarbon resource/reserve. 									
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. প্রকল্পের আওতায় চলতি মাঠ মৌসুমে ১৫০০ লাইন কি.মি. (বাপেক্স ৫০০ লাইন কি.মি.; সাইসমিক সার্ভিস প্রোভাইডার, সিনোপেক, চায়না ১০০০ লাইন কি.মি.) উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কাজ শুরু হয়েছে।</p> <p>২. ইতোমধ্যে প্রকল্পের বাপেক্স অংশের সাইসমিক এক্সপ্লোসিভ সরবরাহ সম্পন্ন হয়েছে। বিস্ফোরক অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হয়ে প্রকল্পের আওতায় ফেনী (বাপেক্স) ও চট্টগ্রাম (সিনোপেক) ২টি অস্থায়ী পিট ম্যাগাজিন স্থাপন করা হয়েছে। অস্থায়ী পিট ম্যাগাজিনে মার্চ-২০২২ পর্যন্ত নিরাপত্তা বিধানের জন্য সশস্ত্র আনসার মোতায়েন সম্পন্ন হয়েছে। বাপেক্সের ফেনী অস্থায়ী পিট ম্যাগাজিনে রুট পারমিট, পুলিশ স্কর্ট ইত্যাদি প্রক্রিয়া সম্পন্ন করে প্রয়োজনীয় এক্সপ্লোসিভ ও ডেটোনেটর বাপেক্সের পোমরা স্থায়ী পিট ম্যাগাজিন হতে স্থানান্তর করে মাঠ পর্যায়ে সাইসমিক ড্রিলিং ও রেকর্ডিং এর কার্যক্রম শুরু করা হয়েছে।</p> <p>৩. প্রকল্পের অনুকূলে ০৯-০৯-২০২১ তারিখে ২০২১-২০২২ অর্থ বছরের এডিপিতে ৫০.০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবং ৩০-০৯-২০২১ তারিখে বিভাজন অনুমোদিত হয়েছে। ২২-১২-২০২১ তারিখে ৬৭.৬২ কোটি টাকার আরএডিপি পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। প্রকল্পের অনুকূলে ২৮-১২-২০২১ তারিখে ২৮.২৯ কোটি টাকার অর্থ ছাড়ের সারকারী আদেশ জারী হয়েছে।</p> <p>৪. জিওফোন, হাইড্রোফোন, জিওফোন টেস্টার: সরবরাহকারী ২৭-১২-২০২১ তারিখে প্রেরিত জিওফোন, হাইড্রোফোন, জিওফোন টেস্টার এর Manufacturing Design প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক Vetting করে উৎপাদন শুরু করা হয়েছে। ২৫-১২-২০২১ তারিখে এল.সি. স্থাপন করা হয়েছে। মালামাল সরবরাহের সময় এল.সি. স্থাপন হতে ৪ মাস।</p> <p>৫. সিনোপেকের সর্বশেষ Re-exportable লট Wireless acquisition, Data processing equipment ক্লিয়ারিং সম্পন্ন হয়েছে।</p> <p>৬. জরিপ (EIA): গত ০৭-১২-২০২১ তারিখে পরিবেশ অধিদপ্তরে প্রকল্পের Environmental Clearance Certificate ইস্যু সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট কনসালটিং ফার্ম কর্তৃক দাখিলকৃত EIA সংক্রান্ত প্রতিবেদন নিয়ে পরিবেশ অধিদপ্তর আপত্তি নেই মর্মে অবহিত করেছে এবং শীঘ্রই ECC Certificate ইস্যু হবে মর্মে অবহিত করেছে।</p> <p>৭. বাপেক্স এবং সিনোপেক ইতোমধ্যে মাঠ পর্যায়ে পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু করেছে। বাপেক্স অনুসন্ধান ব্লক-১৫ এর সোনাগাজী, কোম্পানীগঞ্জ, দাগনভূঁইয়া ও তৎসংলগ্ন এলাকায় এবং সিনোপেক অনুসন্ধান ব্লক-২২ এর রাউজান, রাঙ্গুনিয়া, বোয়ালখালী, পটিয়া ও তৎসংলগ্ন এলাকায় ডাটা এ্যাকুইজিশন কার্যক্রম শুরু করেছে। ২০২১-২০২২ অর্থ বছরের Time Bound Action Plan অনুযায়ী ভৌত অগ্রগতির বিবরণ নিম্নরূপ:-</p> <table border="1" style="width: 100%; border-collapse: collapse;"> <thead> <tr> <th style="width: 50%;">বাপেক্স (৫০০ লাইন কি.মি.)</th> <th style="width: 50%;">সিনোপেক, চায়না (১০০০ লাইন কি.মি.)</th> </tr> </thead> <tbody> <tr> <td>ক) টপোসার্ভে- ২০৯ লাইন কি.মি.</td> <td>ক) টপোসার্ভে- ৮৩৪ লাইন কি.মি.</td> </tr> <tr> <td>খ) সাইসমিক ড্রিলিং- ১৪৩ লাইন কি.মি.</td> <td>খ) সাইসমিক ড্রিলিং- ৩০০ লাইন কি.মি.</td> </tr> <tr> <td>গ) রেকর্ডিং- ১১৬ লাইন কি.মি.</td> <td>গ) রেকর্ডিং- ৯৮ লাইন কি.মি.</td> </tr> </tbody> </table>		বাপেক্স (৫০০ লাইন কি.মি.)	সিনোপেক, চায়না (১০০০ লাইন কি.মি.)	ক) টপোসার্ভে- ২০৯ লাইন কি.মি.	ক) টপোসার্ভে- ৮৩৪ লাইন কি.মি.	খ) সাইসমিক ড্রিলিং- ১৪৩ লাইন কি.মি.	খ) সাইসমিক ড্রিলিং- ৩০০ লাইন কি.মি.	গ) রেকর্ডিং- ১১৬ লাইন কি.মি.	গ) রেকর্ডিং- ৯৮ লাইন কি.মি.
বাপেক্স (৫০০ লাইন কি.মি.)	সিনোপেক, চায়না (১০০০ লাইন কি.মি.)									
ক) টপোসার্ভে- ২০৯ লাইন কি.মি.	ক) টপোসার্ভে- ৮৩৪ লাইন কি.মি.									
খ) সাইসমিক ড্রিলিং- ১৪৩ লাইন কি.মি.	খ) সাইসমিক ড্রিলিং- ৩০০ লাইন কি.মি.									
গ) রেকর্ডিং- ১১৬ লাইন কি.মি.	গ) রেকর্ডিং- ৯৮ লাইন কি.মি.									
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: ১৭২.০৩ লক্ষ টাকা								
	নগদ বৈদেশিক মুদ্রা	: ৪৬০.৫০ লক্ষ টাকা								
	মোট	: ৬৩২.৫৩ লক্ষ টাকা								
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক								
	৪.২৬%	৪.২৬%								

২.৫ Procurement & Installation of Wellhead Compressors at Srikail Gas Field

১। প্রকল্পের নামঃ	Procurement & Installation of Wellhead Compressors at Srikail Gas Field.	
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৩-০৮-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।	
৩। প্রকল্পের অবস্থানঃ	মুরাদনগর, কুমিল্লা, চট্টগ্রাম।	
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩।	
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা	: ৩,৩২০.০০ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: ১৫,৯২০.০০ লক্ষ টাকা
	মোট	: ১৯,২৪০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➤ To increase the inlet gas pressure of process plant by installing wellhead compressors downstream of wellhead for extracting maximum amount of gas by maintaining the operating pressure of the process plant and sales/ transmission line.	
৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ	<p>১. শ্রীকাইল গ্যাসফিল্ডে Wellhead Compressor ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ ক্রয়পূর্বক সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে International Consultancy Service Provider SPS STEINER GmbH, Germany এর সহিত বাপেক্সের গত ০৯-০৯-২০২১ তারিখ চুক্তি স্বাক্ষর হয়। উক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দরপত্র দলিল চূড়ান্ত করা হয়। পরিচালনা পর্যদের ৪৪৯ তম সভায় (২৮ ডিসেম্বর ২০২১) প্রণীত দরপত্র দলিল অনুমোদন এবং বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১৮ সালে সর্বশেষ সংশোধিত) এর আওতায় ক্রয় প্রক্রিয়াকরণের লক্ষ্যে পিপিপি সভায় উপস্থাপনের অনুমোদন প্রদান করা হয়। পিপিপি সভায় উপস্থাপনের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।</p> <p>২. পরিবেশগত ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে Environment and Resources Analysis Center Ltd. (ENRAC) এর অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয় এবং পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত EIA Report DoE তে প্রেরণ করা হয়। গত ০৭ নভেম্বর ২০২১ তারিখে DoE হতে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হয়।</p> <p>৩. প্রকল্পের অনুকূলে চলতি ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তিকরণসহ ১৩৭.০০ (এক কোটি সাইত্রিশ লক্ষ) লক্ষ টাকার বরাদ্দ অনুমোদিত হয়েছে। বরাদ্দকৃত এ অর্থের বিভাজনের সরকারী অনুমোদন পাওয়া যাওয়ায় অর্থ ছাড়ের পদক্ষেপ নেওয়া হয়েছে। প্রকল্পের অনুকূলে চলতি ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপি'তে ১৪৫.০০ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ) লক্ষ টাকার বরাদ্দ চাওয়া হয়েছে।</p> <p>৪. গ্যাস উন্নয়ন তহবিল নীতিমালা হতে “শ্রীকাইল গ্যাসক্ষেত্রের জন্য ওয়েলহেড কম্প্রেসর সংগ্রহ ও স্থাপন” প্রকল্প এর জন্য পেট্রোবাংলা এবং বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স) এর মধ্যে গ্যাস উন্নয়ন তহবিল নীতিমালা, ২০১২ (সংশোধিত ২০২২) এর অনুষ্টেদ ৩.৪ অনুযায়ী ঋণ চুক্তিনামা তৈরির কাজ প্রক্রিয়াধীন রয়েছে।</p>	
৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (ডিসেম্বর, ২০২১ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	: - লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	: - লক্ষ টাকা
	মোট	: - লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	-	-

গৃহীত পদক্ষেপ		দূর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তর সমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা হয়েছে।	১) কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত ২১টি অগ্নিনির্বাপক যন্ত্র দূর্ঘটনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দূর্ঘটনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট বিভাগের টেপ প্রিজারভেশন কক্ষ সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা স্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্র এলাকায় বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৫) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা টোকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন।	
৬) প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্ক্রীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	৬) সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দূর্ঘটনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৭) অত্র গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট ও ক্যাম্প এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ চলছে।	৭) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থাপিত অগ্নিনির্বাপক যন্ত্রগুলো এবং ফায়ার ওয়াটার ইঞ্জিন পাম্প প্রতি সপ্তাহান্তে পরীক্ষা নিরীক্ষা ও কার্যপোধোগী করা হয়েছে, যাতে আপদকালীন সময়ে যথাযথভাবে ব্যবহার করা যেতে পারে।	
৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	
৯) বৃক্ষ রোপন কর্মসূচী সফল করার লক্ষ্যে রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	৯) নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে।	
১০) সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরনের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১০) কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো নিয়মিত চেক করা হয়।	
১১) বৃক্ষ রোপণ কর্মসূচীর আওতায় রোপনকৃত চারা গাছসহ বিভিন্ন সময়ে রোপিত অন্যান্য গাছের নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রে ১নং গ্যাস উৎপাদন কুপের কন্ট্রোল রুমের চারিপাশ আগাছামুক্ত ও পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়েছে।	
১২) শাহবাজপুর গ্যাসক্ষেত্রের ১নং ও ২নং কূপ এলাকায় বিভিন্ন সময় রোপিত ফলজ, বনজ ও ঔষধি গাছসহ এ পর্যন্ত লাগানো বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১২) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের ভান্ডার ভবনের সামনে একটি গোডাউন ঘর তৈরী করে সেখানে পেট্রোল, ডিজেল ইত্যাদি সংরক্ষণ করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দূর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
	<p>১৩) সেমুতাং গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে অস্থায়ী নিরাপত্তা প্রহরীগণ নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আছেন এবং ০১ জন নিরাপত্তা প্রহরী তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া একটি মনিটরিং সেল নিরাপত্তা ব্যবস্থা তদারকি করে থাকেন।</p> <p>১৪) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ-</p> <p>(ক) ফিল্ডে কূপের নিরাপত্তার কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা মাঝে মাঝে পরীক্ষা করা হয়।</p> <p>(খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(গ) অগ্নি নির্বাপনের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে।</p> <p>(ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।</p> <p>১৫) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগঃ-</p> <p>(ক) টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের উপ-বিভাগ সমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।</p> <p>(খ) সেইফটি বিধিমালায় আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে টেকনিক্যাল সার্ভিসেস বিভাগের কার্যাদি পরিচালিত হয়েছে।</p>	

১। অনুসন্ধান ভূ-তত্ত্ব :

- ০১। ভূতাত্ত্বিক জরিপ দল ২০২১-২২ মাঠ মৌসুমে সিলেট জেলার জৈন্তাপুর ও কানাইঘাট উপজেলার পাহাড়ি এলাকায় প্রধানত জাতিংগা মনোক্লাইন/ভূগঠনে মাঠ পর্যায়ে জরিপ কার্যক্রম পরিচালনা করছে। জরিপ কাজের অগ্রগতির বিবরণ নিম্নরূপ:

জরিপকৃত ভূগঠন/ এলাকার নাম	কাজের বিবরণ	জরিপকৃত সেকশন/ছড়াসমূহ	জরিপকৃত সেকশন/ছড়ার দৈর্ঘ্য	জরিপের ক্রমপুঞ্জিভূত দৈর্ঘ্য	সংগৃহিত নমুনা
জৈন্তাপুর ও কানাইঘাট উপজেলা (জাতিংগা মনোক্লাইন/ ভূগঠন)	ভূতাত্ত্বিক জরিপ	ডুপিগাঁও-ডোডিক রোড সেকশন, নিশ্চিন্তপুর-লালাখাল টি গার্ডেন-চতুল রোড সেকশন, জাফলং-সারিঘাট রোড সেকশন (অংশ)।	২০ লাইন কিঃমিঃ	২০ লাইন কিঃমিঃ	ক) শিলা নমুনাঃ ১৫টি। ক্রমপুঞ্জিভূতঃ ১৫টি। খ) গ্যাস নমুনাঃ নাই। গ) তেল নমুনাঃ নাই। ঘ) পানি নমুনাঃ নাই।

- ০২। জৈন্তাপুর ও কানাইঘাট উপজেলার পাহাড়ি এলাকায় প্রধানত জাতিংগা মনোক্লাইন/ভূগঠন এবং তদসংলগ্ন এলাকাসমূহে রিকোনাইসেন্স সার্ভে চলছে।
- ০৩। জরিপ কার্যক্রমের সাথে সাথে জরিপকৃত সেকশনসমূহের প্লটিংসহ আনুষঙ্গিক কাজ চলছে।
- ০৪। জরিপ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে স্থানীয় প্রশাসন, বাংলাদেশ পুলিশ, র্যাব, বিজিবি এবং স্থানীয় জন প্রতিনিধিগণের সাথে যোগাযোগ চলমান রয়েছে।

২। বেসিন স্টাডি :

- ০৫। শ্রীকাইল ও এর পাশ্ববর্তী এলাকায় সংগৃহীত ত্রিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ এবং বিদ্যমান কূপসমূহের ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়ন করে উক্ত এলাকায় প্রস্তাবিত শ্রীকাইল ডিপ # ১ অনুসন্ধান কূপ এর প্রস্তাবনা চূড়ান্ত করা হয়েছে এবং প্রস্তাবিত শ্রীকাইল # ৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ এর প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান রয়েছে।
- ০৬। মোবারকপুর এলাকায় বিদ্যমান দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক সাইসমিক উপাত্ত, নিকটবর্তী কূপের ভূতাত্ত্বিক ও খনন উপাত্ত বিশ্লেষণপূর্বক প্রস্তাবিত মোবারকপুর ডিপ # ১ অনুসন্ধান কূপটির প্রস্তাবনা চূড়ান্ত করা হয়েছে।
- ০৭। জকিগঞ্জ ও এর পাশ্ববর্তী এলাকায় সংগৃহীত দ্বিমাত্রিক সাইসমিক উপাত্তসমূহ এবং খননকৃত জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপটির খনন ও ভূতাত্ত্বিক তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও মূল্যায়ন করে উক্ত এলাকায় প্রস্তাবিত জকিগঞ্জ # ২ ও ৩ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ দুটির কারিগরী তথ্য-উপাত্ত মূল্যায়নের কাজ চলমান উন্নয়নে রয়েছে।
- ০৮। ২০২১-২০২২ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২২-২০২৩ অর্থবছরের প্রাক্কলিত বাজেট প্রণয়ন করত হিসাব ও অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।

৩। ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব :

- ০৯। বাপেক্স-এর ভবিষ্যৎ কর্মপরিকল্পনার আওতায় খননতব্য ৫ টি গভীরকূপের মধ্যে শ্রীকাইল গভীর কূপ # ১ এবং মোবারকপুর গভীর কূপ # ১ এর Preliminary Geological Technical Order (GTO) তৈরির কাজ শেষে কমিটি বরাবর দাখিল করা হয়েছে।
- ১০। সিলেট গ্যাস ফিল্ডস লি. এর খননতব্য রশিদপুর গভীরকূপ # ১ এর Preliminary Geological Technical Order (GTO) তৈরির কাজ শেষে কমিটি বরাবর দাখিল করা হয়েছে।
- ১১। শরীয়তপুর # ১ অনুসন্ধান কূপের GTO প্রস্তুতকরণের কাজ সম্পন্ন হয়েছে; চূড়ান্ত অনুমোদন শেষে সংশ্লিষ্ট বিভাগসমূহে প্রেরণ করা হয়েছে।

- ১২। রূপকল্প-২ খনন প্রকল্পের আওতায় জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপটি সফলভাবে খনন শেষে কূপের বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে একটি ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৩। বেগমগঞ্জ # ৪ (ওয়েস্ট) কূপের GTO প্রস্তুতকরণের কাজ চলছে।
- ১৪। শাহজাদপুর-সুন্দলপুর # ৩ এর GTO প্রস্তুতকরণের কাজ চলছে।
- ১৫। সিলেট গ্যাস ফিল্ডস লি. এর সিলেট # ৯ কূপটি সফলভাবে খনন শেষে কূপের বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে একটি ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রণয়ন করা হয়েছে এবং মতামতের জন্য সিলেট গ্যাস ফিল্ডস লি. বরাবর প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্প পরিচালক বরাবর একটি কমপ্রিহেনসিভ ওয়েল রিপোর্ট প্রেরণ করা হয়েছে।
- ১৬। রূপকল্প-১ খনন প্রকল্পের আওতায় শ্রীকাইল ইস্ট # ১ কূপটি সফলভাবে খনন শেষে কূপের বিভিন্ন তথ্য-উপাত্ত সন্নিবেশ করে একটি ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রস্তুতের কাজ চলমান রয়েছে।
- ১৭। শরীয়তপুর # ১ অনুসন্ধান কূপ খনন প্রকল্পের অর্থায়নে একটি মডেলিং ইউনিট ক্রয়ের লক্ষ্যে ঠিকাদারের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে।
- ১৮। বাপেক্সের ওয়েদারফোর্ড মডেলিং ইউনিট দ্বারা সালদা # ২ কূপে সার্ভিস প্রদানের লক্ষ্যে Ex-log এর মালামাল installation and commission এর জন্য সার্ভিস ইঞ্জিনিয়ার আগমনের লক্ষ্যে ভিসা প্রাপ্তির উদ্দেশ্যে মন্ত্রণালয় হতে Invitation Letter প্রদানের জন্য পেট্রোবাংলা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।
- ১৯। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের উৎপাদন ও Well Head Pressure ও অন্যান্য উপাত্ত নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

৪। ফরমেশন ইন্ডালুয়েশন :

- ২০। সিলেট # ৮ নং কূপের ওয়ার্কওভার কাজে ভূতাত্ত্বিক পরামর্শক সেবার আওতায় অত্র উপবিভাগ কর্তৃক Cased Hole Wireline Log সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়েছে। বর্তমান এবং পূর্বের উপাত্ত সমূহের Interpretation পূর্বক DST-Zone চূড়ান্ত করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে।
- ২১। ফেঞ্চুগঞ্জ # ৩ নং কূপের ওয়ার্কওভার কাজে DST-Perforation গভীরতা হতে সফলভাবে গ্যাস প্রবাহের প্রেক্ষিতে ১৯৫৫ মিটার গভীরতায় Production Packer স্থাপন করা হয়েছে এবং Packer Setting কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়েছে।
- ২২। ফেঞ্চুগঞ্জ # ৩ নং কূপের ওয়ার্কওভার কাজে DST পরিচালনা করার লক্ষ্যে অত্র উপবিভাগের কর্মকর্তা কর্তৃক ১৯৯২-২০০৪ মিটার এবং ২০৩০-২০৩৩ মিটার গভীরতায় Perforation কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়েছে।
- ২৩। জকিগঞ্জ গ্যাস ক্ষেত্রের গ্যাস মজুদ মূল্যায়ন করার জন্য পেট্রোবাংলা কর্তৃক গঠিত কমিটির সদস্য-সচিব হিসেবে অত্র উপবিভাগের একজন কর্মকর্তা কর্মরত ছিলেন। কমিটি কর্তৃক জকিগঞ্জ গ্যাসক্ষেত্রের মজুদ মূল্যায়ন করে প্রতিবেদন দাখিল করা হয়েছে।
- ২৪। জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপের Wireline logging Services গ্রহণের বিপরীতে China Petroleum Logging Company Ltd. কর্তৃক দাখিলকৃত Data Processing & Interpretation ইনভয়েস (CPL-BAPEX/1749/202110001) চুক্তি অনুসারে পরীক্ষণের কাজ সম্পাদন করত: পরবর্তী ব্যবস্থা গ্রহণার্থে প্রকল্প পরিচালক, রূপকল্প-২ বরাবর প্রেরণ করা হয়েছে।
- ২৫। জকিগঞ্জ # ১ অনুসন্ধান কূপের সফলভাবে খনন কার্যক্রম শেষে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে Log Interpretation এবং প্রাথমিক মজুদ মূল্যায়ন করত: প্রতিবেদন তৈরির কাজ চলমান রয়েছে।
- ২৬। শ্রীকাইল ইস্ট # ১ অনুসন্ধান কূপের সফলভাবে খনন কার্যক্রম শেষে গ্যাস প্রাপ্তির প্রেক্ষিতে Log Interpretation এবং প্রাথমিক মজুদ মূল্যায়ন করত: প্রতিবেদন তৈরির কাজ চলমান রয়েছে।

৫। আইওসি কার্যক্রম :

- ২৭। KrisEnergy Bangladesh Ltd. ও Niko Resources (Block-9) Ltd.-এর সাথে অংশীদার হিসেবে PSC Block-9 এর অপারেশন পর্যবেক্ষণ করা হচ্ছে। অতিরিক্ত পানি আসার কারণে বাংগুরা-৫ কূপটি গত ২২ ডিসেম্বর ২০২১ তারিখ হতে বন্ধ রাখা হয়েছে। গ্যাসক্ষেত্র হতে গড়ে দৈনিক প্রায় ৫০.৪ মিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলিত হয়েছে।
- ২৮। Block SS-04 এর আওতাধীন কাঞ্চন # ১ অনুসন্ধান কূপ এর খননকাজ ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে ৩২০২ মিটার গভীরতা পর্যন্ত সম্পন্ন হয়েছে। ইতিমধ্যে ওয়্যারলাইন লগিং সম্পন্ন হয়েছে। কেসিং সেটিং করার পূর্বে হঠাৎ pipe stuck হয়ে যায়; বর্তমানে stuck pipe removal operation চলছে। বাপেক্স কর্তৃক গঠিত মনিটরিং কমিটি সার্বক্ষণিক অনলাইন মনিটরিং করছে। Block SS-04 ও SS-09 এ দুটি অনুসন্ধান কূপ (মৈত্রী # ১ ও তিতলি # ১) খননের প্রাক্কালে ড্রিলিং কন্ট্রাকটর নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে।
- ২৯। বাপেক্স এবং রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান Gazprom EP International Investment B.V.-এর মধ্যে-Bhola Island Evaluation-এর জন্য Memorandum of Understanding (MoU) স্বাক্ষরের বিষয়টি সরকার কর্তৃক নীতিগতভাবে অনুমোদনের প্রেক্ষিতে MoU স্বাক্ষরিত হয়। উপাত্ত আদান প্রদানের লক্ষ্যে Confidentiality Agreement স্বাক্ষরিত হওয়ার প্রেক্ষিতে গত ১৯-২৩ ডিসেম্বর ২০২১ তারিখে Gazprom বরাবর কর্তৃপক্ষীয় অনুমোদনের ভিত্তিতে তথ্য-উপাত্তসমূহ হস্তান্তর করা হয়।
- ৩০। বাপেক্স-এর আওতাধীন শুল্ক ও পরিত্যক্ত ভূগঠনসমূহে অনুসন্ধান ও আধুনিক প্রযুক্তির মাধ্যমে উৎপাদন শুরু করার লক্ষ্যে নতুন ভাবে Expression of Interest (EOI) আহ্বান এর প্রেক্ষিতে চারটি প্রস্তাবনা গৃহীত হয়। দাখিলকৃত তথ্য-উপাত্তের উপর ভিত্তি করে কারিগরি মূল্যায়ন শেষে একটি মাত্র কোম্পানি EOI এর শর্তসমূহ পূরণ করায় shortlisted করা হয়। বাপেক্স পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক উক্ত প্রতিষ্ঠানকে RFP প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।
- ৩১। ইন্টারন্যাশনাল সেন্টার ফর স্টেটলমেন্ট অব ইনভেস্টমেন্ট ডিসপিউট (ইকসিড)-এ নাইকো দুর্নীতি সংক্রান্ত চলমান মামলার কার্যক্রম পরিচালনার জন্য পেট্রোবাংলা/বাপেক্স-এর পক্ষে ওয়াশিংটনভিত্তিক আন্তর্জাতিক কাউন্সেল Foley Hoag প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে এবং এ বিষয়ে বাপেক্স সর্বাঙ্গিক সহায়তা প্রদান করছে।

৪.২

ভূপদার্থিক বিভাগ

১। ২ ডি ডাটা একুইজিশন উপবিভাগ :

ক) “২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক- ১৫ এবং ব্লক- ২২” শীর্ষক প্রকল্পের ভৌত অগ্রগতির বিবরণ নিম্নরূপঃ

বাপেক্স (৫০০ লাইন কি.মি.)	সিনোপেক (১০০০ লাইন কি.মি.)
ক) টপোসার্ভে- ২২৩ লাইন কি.মি.	ক) টপোসার্ভে- ৮৬৫ লাইন কি.মি.
খ) সাইসমিক ড্রিলিং-১৬০ লাইন কি.মি.	খ) সাইসমিক ড্রিলিং- ৩০৬ লাইন কি.মি.
গ) রেকর্ডিং- ১২৭ লাইন কি.মি.	গ) রেকর্ডিং- ১৩১ লাইন কি.মি.

খ) “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৬বি সাউথ ও ব্লক-১০” শীর্ষক প্রকল্প।

প্রস্তাবিতব্য “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৬বি সাউথ ও ব্লক-১০” শীর্ষক প্রকল্পের ডিপিপি পেট্রোবাংলায় প্রেরণের নিমিত্ত কার্যক্রম চলমান। এছাড়া IEE ও EIA সম্পাদনের জন্য IIFC প্রতিষ্ঠানের Proposal চাই-বাছাই ও কারিগরি মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। অস্থায়ী জনবল নিয়োজিত করণ ও গাড়ি ভাড়াকরণের দরপত্র প্রতিকায় প্রকাশের জন্য প্রস্তুতি চলছে।

প্রস্তাবিত গভীর কূপ (Deep Drilling) খননের লক্ষ্যে গঠিত GTO প্রনয়ণ ও ফিজিবিলিটি স্টাডি, Tender Document তৈরি কমিটির চাহিদাকৃত তথ্য-উপাত্ত সরবরাহ করা হয়েছে।

গ) “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৭ ও ব্লক-৯” শীর্ষক প্রকল্প।

প্রস্তাবিতব্য “২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৭ ও ব্লক-৯” শীর্ষক প্রকল্পের ডিপিপি পেট্রোবাংলায় প্রেরণের কার্যক্রম চলমান। International Service Provider Firm নিয়োগের লক্ষ্যে ২১ ডিসেম্বর EOI উন্মুক্ত করা হয়েছে।

২। ৩ ডি ডাটা একুইজিশন উপবিভাগ :

ক) “৩ডি সাইসমিক সার্ভে ওভার দোয়ারাবাজার, ছাতক ও কোম্পানীগঞ্জ এলাকা” শীর্ষক প্রকল্পঃ

“৩ডি সাইসমিক সার্ভে ওভার দোয়ারাবাজার, ছাতক ও কোম্পানীগঞ্জ এলাকা” শীর্ষক প্রকল্পটি মন্ত্রণালয় কর্তৃক জিডিএফ এর অর্থায়নে প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তির অনুমোদন দেয়া হয়েছে।

খ) “৩ডি সাইসমিক সার্ভে ওভার সুবর্ণচর এবং চরফ্যাশন এরিয়া” শীর্ষক প্রকল্পঃ

প্রস্তাবিতব্য “৩ডি সাইসমিক সার্ভে ওভার সুবর্ণচর এবং চরফ্যাশন এরিয়া” শীর্ষক প্রকল্পের ডিপিপি পেট্রোবাংলায় প্রেরণের পূর্বে পুনরায় বাপেক্সের পরিচালনা পর্ষদে উত্থাপন করা হবে।

গ) “৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পঃ

“৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া স্ট্রাকচার” শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ মন্ত্রণালয় হতে গত ০৭/১২/২০২১ তারিখে Liquidity Certificate প্রদান করা হয়েছে। প্রকল্পের উপর মতামত প্রদানের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় থেকে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হবে। ২৯/১২/২০২১ তারিখে প্রকল্পটি মন্ত্রণালয় কর্তৃক জিডিএফ এর অর্থায়নে প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তির অনুমোদন দেয়া হয়েছে।

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

- ক) কৈলাশটিলা-৭ ওয়ার্কওভার:
বিজয়-১১ (ZJ40 DBT) রিগ দ্বারা কৈলাশটিলা-৭ কূপে ওয়ার্কওভার করার লক্ষ্যে রিগ ও রিগ সংশ্লিষ্ট যন্ত্রপাতি স্থানান্তরের কাজ শেষ হয়েছে। রিগের রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে। কর্তৃপক্ষীয় সিদ্ধান্তের আলোকে খুব শীঘ্রই ওয়ার্কওভার কাজ শুরু হবে।
- খ) ফেখুগঞ্জ-৩ কূপ ওয়ার্কওভার:
বাপেক্স এর ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা ফেখুগঞ্জ-৩ কূপের ওয়ার্কওভার কার্যক্রমে শেষ হয়েছে। উক্ত রিগ সিডিউল মোতাবেক ব্যবহার উপযোগী করার জন্য রিগ ও খনন যন্ত্রপাতি, বিওপি, মাড ট্যাংক, সিমেন্টিং ইউনিট, টেস্টিং যন্ত্রপাতি পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে। শীঘ্রই রিগ বিয়োজন করা হবে।
- গ) সিলেট-৮ কূপ ওয়ার্কওভার:
বাপেক্স এর বিজয়-১৮ (XJ650T) রিগ দ্বারা এসজিএফএল এর সিলেট#৮ কূপের ওয়ার্কওভার কাজ শেষ পর্যায়ে রয়েছে। **Completion Tools & Tubing Run** শেষে **X-mass Tree** কূপে স্থাপন করা হবে। অতঃপর রিগ যন্ত্রপাতি বিয়োজন ও রিগ ডাউন করার পরিকল্পনা রয়েছে।
- ঘ) সালদানদী-২ কূপ ওয়ার্কওভার:
বাপেক্স এর ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা সালদানদী-২ কূপের ওয়ার্কওভার কাজ শুরু করার লক্ষ্যে কূপে রিগ ও রিগ যন্ত্রপাতি স্থানান্তর ও সংযোজনের কাজ শেষ হয়েছে। আগামী ০৭-০১-২০২২ তারিখে উক্ত কূপে রিগ আপ করে খুব শীঘ্রই কূপের ওয়ার্কওভার কাজ শুরু করা হবে।

২। রিগ বেইজ :

- ক) মাধবপুর রিগ বেইজ:
দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিষ্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

১। কুপ পরীক্ষণ (Well Testing) :

- ১) শ্রীকাইল নর্থ-১ এ, সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) খনন কুপের এবং সেমুতাং-৫ ও সেমুতাং-৬ ওয়ার্কওভার কুপের জন্য DST এবং Slick Line Services ভাড়া সংগ্রহের লক্ষ্যে আহবাহিত আন্তর্জাতিক দরপত্র সমূহের বানিজ্যিক মূল্যায়ন কাজ শেষ হয়েছে।
- ২) শরীয়তপুর # ১ অনুসন্ধান কুপে DST সম্পাদনের জন্য সার্ভিস ভাড়া সংগ্রহের লক্ষ্যে আহবাহিত দরপত্রের মূল্যায়ন সম্পন্ন করত: সর্বনিম্ন দরদাতার সহিত চূড়ান্ত চুক্তিপত্র সম্পন্ন কাজ চলমান রয়েছে।
- ৩) ফেঞ্চুগঞ্জ # ৩ নং ও সিলেট # ৮ কুপে ডিএসটি সার্ভিস প্রদান করা হয়েছে এবং সিলেট # ৮ কুপে প্রোডাকশন টেস্টিং কার্যক্রম চলমান রয়েছে।

২। ওয়েল সিমেন্টেশন (Well Cementation) :

- ১) শরীয়তপুর # ১ অনুসন্ধান কুপের জন্য প্রয়োজনীয় সিমেন্ট, সিমেন্ট এডিটিভস এবং সিমেন্টেশন সার্ভিস ক্রয়ের জন্য সর্বনিম্ন দরদাতা M/s Halliburton International GmbH এর সাথে চুক্তি সম্পাদনের জন্য প্রস্তুতকৃত চুক্তিপত্র নং-১৮০৫ এর চূড়ান্ত চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে।
- ২) ওয়েল সিমেন্টেশন উপ-বিভাগের জন্য একটি মোবাইল সিমেন্টিং ল্যাবরেটরী ক্রয়ের জন্য আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র নং- Bapex/Admin/Int/Ten-1022/2021, তারিখ: 31.05.2021 আর্থিক দরপত্র মূল্যায়ন শেষে NOA প্রদান করা হয়েছে। এ সংক্রান্তে একটি খসড়া চুক্তিপত্রটি হিসাব ও অর্থ বিভাগ এবং লিগ্যাল Vetting এর কাজ চলমান রয়েছে।
- ৩) 3 Well এর জন্য প্রকল্প কমিটি কর্তৃক “Procurement of Cement (API Class ‘G’), Cement Additives (including Cement Analysis) and Cementation Services with Cementing Equipment (Rental)” ক্রয়ের লক্ষ্যে দাখিলকৃত দরপত্রগুলোর কারিগরী দরপত্র মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- ৪) ফেঞ্চুগঞ্জ # ৩ নং ওয়ার্কওভার কাজে সিমেন্টেশন সার্ভিস প্রদান সম্পন্ন হয়েছে।
- ৫) ৩ টি কম্পেসর মেরামতের জন্য দরপত্রগুলোর কারিগরী মূল্যায়ন সম্পন্ন হয়েছে।
- ৬) শরীয়তপুর # ১ কুপ খনন প্রকল্পের অধীনে Testing Materials (Cementing) ক্রয়ের লক্ষ্যে আহবায়িত দরপত্রের কারিগরী মূল্যায়ন কাজ চলমান রয়েছে।
- ৭) সিলেট # ৮ নং কুপে ওয়ার্কওভার কাজের জন্য সিমেন্টেশন সার্ভিস প্রদান অব্যাহত রয়েছে।
- ৮) BJ Cementing Unit মেরামত ও সার্ভিসিং এর জন্য প্রস্তুতকৃত IFT Vetting শেষে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশিত করার জন্য প্রেরণ করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া দরপত্রটির Vetting সম্পন্ন হয়েছে।

৩। মাদ ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

- ১) ফেঞ্চুগঞ্জ # ৩ ওয়ার্কওভার প্রকল্পে মাদ ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান শেষে রক্ষনাবেক্ষনের কাজ চলমান আছে।
- ২) সিলেট # ৮ নং কুপের ওয়ার্কওভার কাজে মাদ ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদানের কাজ চলমান আছে।
- ৩) সালদা # ২ ওয়ার্কওভার কাম খনন কুপে মাদ ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদানের প্রস্তুতিমূলক কাজ চলমান আছে।
- ৪) 5 Deep Drilling এর Scope of Work প্রনয়নের কাজ চলমান আছে।

৪। ওয়ারলাইন লগিং সার্ভিসেস :

- ১) সেমুতাং-৫ ও সেমুতাং-৬ ওয়ার্কওভার এবং সালদা-২ ওয়ার্কওভার কাম ড্রিলিং কুপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের নিমিত্তে আন্তর্জাতিক দরপত্র উন্মোচন করতঃ কারিগরী ও আর্থিক মূল্যায়ন কাজ সম্পন্ন পূর্বক ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।
- ২) শ্রীকাইল নর্থ #১এ, সুন্দলপুর # ৩ এবং বেগমগঞ্জ # ৪ কুপে ওয়ারলাইন লগিং সেবা গ্রহণের লক্ষ্যে ওয়ারলাইন লগিং সম্পর্কিত টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।
- ৩) অত্র উপ বিভাগের একজন কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ # ৩ ওয়ার্কওভার কুপে DST Perforation এবং Production Packer স্থাপনের জন্য ফেঞ্চুগঞ্জ গমন করেন।
- ৪) অত্র উপ বিভাগের একজন কর্মকর্তা সিলেট # ৮ ওয়ার্কওভার কুপে DST Perforation পরিদর্শনের জন্য সিলেট গমন করেন।
- ৫) অত্র উপ বিভাগের দুইজন কর্মকর্তা Explosive & Detonator প্যাকিং ও রি প্যাকিং কাজ সম্পন্ন করার জন্য পোমরাস্ত বাপেক্সের স্থায়ী পিট ম্যাগাজিন চট্টগ্রাম গমন করেন।

১। পেট্রোফিজিক্যাল :

- ক) Atgram #1X এবং Kamta #1 কূপের Porosity পুনঃনির্ণয়ের কাজ চলমান রয়েছে।
- খ) ভোলানর্থ #১ কূপের কোর প্লাগ নমুনার Dean Stark, Retort, Mercury Injection Porosimeter যন্ত্রসমূহের মাধ্যমে Porosity পুনঃনির্ণয়ের কাজ চলমান রয়েছে।
- গ) ফেঞ্চুগঞ্জ, বিয়ানীবাজার, বাখরাবাদ, শ্রীকাইল, মুলাদি, শাহবাজপুর গ্যাসক্ষেত্রসহ Atgram #1X এবং Kamta #1 কূপের Reservoir Parameter (Porosity, Permeability, Grain Density, Volume Density) সমূহের গভীরতার ভিত্তিতে তুলনামূলক বিশ্লেষণ এর কাজ চলছে।
- ঘ) পেট্রোফিজিক্যাল উপ-বিভাগের পুরাতন যন্ত্রসমূহ (Air Permeameter, Helium Porosimeter) টেকনিশিয়ানকর্তৃক কার্যক্ষম করার চেষ্টা চলমান রয়েছে।
- ঙ) Porosimeter Permeameter (Kephi), Core Resistivity System, Core Photography ও Rock Eval যন্ত্রের মেরামতের নিমিত্তে মেসার্স Vinci Technologies-কর্তৃকমূল্যসহ তালিকা প্রেরণ সাপেক্ষে উক্ত যন্ত্র সমূহের সার্ভিসসহ যাবতীয় বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তির (AMC) ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার কাজ চলমান রয়েছে।

২। ভূতাত্ত্বিক ল্যাব :

- ক) Srikail # 2 Well থেকে সংগৃহীত সাঁইত্রিশ (৩৭) টি Cutting নমুনার Grain Size Distribution/Sieveing এর কাজ শেষে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- খ) Srikail # 2 Well থেকে সংগৃহীত সাঁইত্রিশ (৩৭) টি Cutting নমুনার Mineralogical analysis এর লক্ষ্যে Data aquisition এর কাজ চলছে।
- গ) জকিগঞ্জ # ১ থেকে সংগৃহীত চুয়াল্লিশ (৪৪) টি Cutting নমুনা হতে নয় (৯) টি নমুনার Grain Size Distribution/Sieveing এর কাজ শেষ হয়েছে।
- ঘ) জকিগঞ্জ # ১ থেকে সংগৃহীত চুয়াল্লিশ (৪৪) টি Cutting নমুনার Clay analysis এর লক্ষ্যে Clay separation এর কাজ চলছে।
- ঙ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর শ্রেণীর একজন শিক্ষার্থীর “Provenance, paleoenvironment and paleoclimatic conditions during deposition of Neogene sediments in Sitapahar structure, Chittagong-Tripura Fold Belt (CTFB), Bangladesh” শীর্ষক গবেষণা কর্মে সহায়তার লক্ষ্যে প্রেরিত আট (০৮) টি নমুনার XRD Analysis করা হয়েছে।
- চ) বায়োস্ট্র্যাটিগ্রাফি সেকশনে Palynological বিশ্লেষণ কাজের জন্য একটি Fume Hood ক্রয় শেষে ইনস্টলেশনের কাজ সম্পন্ন হয়েছে।
- ছ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতকোত্তর শ্রেণীর একজন শিক্ষার্থীর “Provenance, Paleodrainage and evolution of the cenozoic Sylhet trough (Bengal basin, Bangladesh) : implications for basin analysis and hydrocarbon exploration” শীর্ষক গবেষণা কর্মে সহায়তার লক্ষ্যে প্রেরিত নমুনা সমূহের Micropaleontological Analysis করার জন্য নমুনা প্রস্তুতি ও বিশ্লেষণের কাজ চলছে।

৩। ভূ-রসায়ন :

- ক) ফেঞ্চুগঞ্জ # ৩ নং ওয়ার্কওভার কূপের ডিএসটি অপারেশনকালীন সময়ে সংগৃহীত গ্যাস, কনডেনসেট ও পানি নমুনাসমূহের বিশ্লেষণ কাজ চলছে।
- খ) শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে সংগৃহীত স্যাম্পল (গ্যাস, কনডেনসেট ও পানি)নমুনাসমূহের বিশ্লেষণ কাজ চলছে।
- গ) সিলেট গ্যাসফিল্ডস লিমিটেড এর চাহিদাক্রমে সিলেট # ৮ নং ওয়ার্কওভার কূপের ডিএসটি অপারেশনকালীন সময়ে সংগৃহীত গ্যাস, কনডেনসেট ও পানি নমুনাসমূহের বিশ্লেষণ কাজ চলছে।
- ঘ) উপবিভাগের কেমিক্যাল স্টোরে সংরক্ষিত কেমিক্যালসমূহের বিস্তারিত বিবরণসহ তালিকা প্রণয়নের কাজ চলছে।

৪। বিবিধ:

- ক) বিভাগীয় প্রধান নিজ বিভাগের কাজের পাশাপাশি বিভিন্ন কমিটির কাজে নিয়োজিত থাকেন।

8.৬

উৎপাদন বিভাগ

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কুপ সংখ্যা	উৎপাদনরত কুপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০২১- ২০২২)	চলতি মাস (ডিসেম্বর' ২০২১)	বিগত মাস (নভেম্বর ২০২১)	চলতি বৎসর ক্রমপুঞ্জিত (২০২১-২০২২)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০১	১। গ্যাস	০.০৭১	২৬.০০	২.৬৬০	২.৫৩১	১৪.৬০১	২২০৭.৫০৯
				২। কনডেনসেট	০.০৬০	২২.০০	১.৯৪৮	১.৯০০	১০.১৩০	৭১৪৯.৪৪২
০২।	ফেখুগঞ্জ	০৩	০২	১। গ্যাস	০.৩৪০	১২৪.০০	১২.০২১	৮.৭০৯	৫৭.৮৯৪	৪৬৯৪.৬২৮
				২। কনডেনসেট	০.৪১১	১৫০.০০	৪৭.৮০০	৩৯.৫১৩	২৪৭.৮৭২	১৮৮৪২.৬৩০
০৩।	শাহবাজপুর	০৪	০২	১। গ্যাস	১.৬৯৯	৬২০.০০	৫৩.৩৯০	৫১.২৩৬	৩২৯.৩১৪	৩১৫২.২৪১
				২। কনডেনসেট	১.৩৫১	৪৯৩.০০	৩৬.৫৮৬	৩৫.০৭৫	২৩৫.৪১৫	২০৮১.১১৩
০৪।	সেমুতাং	০৬	০১	১। গ্যাস	০.০১৪	৫.০০	০.৭০৪	০.৬৪১	৪.০৯৫	৩৯৪.০৫৬
				২। কনডেনসেট	-	-	-	০.	০.	৮২৬.৬৮৪
০৫	সুন্দলপুর	০১	০১	১। গ্যাস	০.১৯২	৭০.০০	৬.৭৫০	৬.৭০৬	৪০.০১৮	৫৬৯.৩৩০
				২। কনডেনসেট	০.০৪১	১৫.০০	১.৯১৬	১.৮৩২	১২.৫৭৪	১৩৯.৭৬৩
০৬।	শ্রীকাইল	০৩	০৩	১। গ্যাস	১.৩৭০	৫০০.০০	৩৪.২৯০	৩৩.০৫৯	২০৩.৭৪০	৩৩১৬.৫২৭
				২। কনডেনসেট	২৪.৯০১	৯,০৮৯.০০	৮৫৬.৩৪৫	৮১৩.৭৯১	৪৯১৫.৭৮২	৪০৮৩৬.৯৮৪
০৭।	বেগমগঞ্জ	০৩	০১	১। গ্যাস	০.১৫১	৫৫.০০	৭.২৮৮	৭.১৬২	৪৪.৭৯৪	২৩৪.৩৯০
				২। কনডেনসেট	০.২২২	৮১.০০	১১.১৭৯	১০.৭৮৫	৭৫.৭৯১	৪০১.৩২২
০৮।	রূপগঞ্জ	০১	০১	১। গ্যাস	-	-	-	-	-	১৯.২২৯
				২। কনডেনসেট	-	-	-	-	-	১৮০.০৮৩

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

(২) বিক্রয়ের বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (ডিসেম্বর' ২০২১)	ক্রমপুঞ্জিভূত (ডিসেম্বর' ২০২১) (২০২০-২০২১)	ভ্যাট প্রদান (ডিসেম্বর' ২০২১)	ভ্যাট বাদে মূল্য (ডিসেম্বর' ২০২১)	মোট মূল্য (ডিসেম্বর' ২০২১)	ক্রমপুঞ্জিভূত মূল্য (২০২১-২০২২)
০১।	সালদানদী	১। গ্যাস ২। কনডেনসেট	২.৫১২৭ -	১৩.৮২০৫ -	১৭.৫৯২৯ -	৫৩.৫২৭৪ -	৭১.১২০৩ -	৩৯১.১৮৩৭ -
০২।	ফেঞ্চুগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	১২.০১০৮ ৬৭.৫০০	৫৭.৮৩৬৯ ২২৯.৫০০	১১৭.৬১১২ ৩.৭৩৯২	৩৬৫.২৯৭৯ ২৪.৯২৮০	৪৮২.৯০৯১ ২৮.৬৬৭৩	২৩২৫.৩৯৯৭ ৯৭.৪৬৮৮
০৩।	শাহবাজপুর	১। গ্যাস ২। কনডেনসেট	৫৩.৩৬২৭ -	৩২৯.০৮৭৮ ২০২.৫০০	৩৩১.৮০২৫ -	১৬২২.৯৭২৫ -	১৯৫৪.৭৭৪৯ -	১২০৫৫.১০৫১ ৬৪.৪৫৫৮
০৪।	সেমুতাং	১। গ্যাস ২। কনডেনসেট	০.৭০০৬ -	৪.০৬৮৯ -	৮.৬০৩৭ -	২১.৩০৮৫ -	২৯.৯১২২ -	১৭৩.৭১৪২ -
০৫।	সুন্দলপুর	১। গ্যাস ২। কনডেনসেট	৬.৭৪৮৯ ৯.০০০	৪০.০১৩৬ ১৮.০০০	৬৬.০৮৬০ ০.৪৯৮৬	২০৫.২৬১৭ ৩.৩২৩৭	২৭১.৩৪৭৭ ৩.৮২২৩	১৬০৮.৭৮৭৭ ৭.৬৪৪৬
০৬।	শ্রীকাইল	১। গ্যাস ২। কনডেনসেট	৩৪.১৩২৫ ৭৫৬.০০০	২০২.৬৯১৬ ৪৮৮৭.০০০	২৪১.৮৯৮২ ৪১.৮৭৯৪	৭৩৮.৮৯৪০ ২৭৯.১৯৩৮	৯৮০.৭৯২১ ৩২১.০৭৩২	৫৮২৪.৩১৮২ ২০৭৫.৫০৯০
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	৭.২৮৩৫ ২৭.০০০	৪৪.৭৬৬২ ৬৩.০০০	৭১.৩২০৮ ১.৪৯৫৭	২২১.৫২১১ ৯.৯৭১২	২৯২.৮৪১৯ ১১.৪৬৬৯	১৭৯৯.৮৭৬৩ ২৬.৭৫৬১
০৮।	বুপগঞ্জ	১। গ্যাস ২। কনডেনসেট	- -	- -	- -	- -	- -	- -

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

১। কেন্দ্রীয় কারখানা, চট্টগ্রাম :

ক) মেশিনশপঃ

- ক) ভলভো ট্রেইলর-০১৫৬ গাড়ীর রিয়াকশন রড বৃশ-১২পিস তৈরি করা হয়েছে।
